

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০।

স্মারক নং- স্বাপকম/হেলথ-ইকন/HF-Pilot/৫৫৮/২০১১/অংশ-১/২০১২/৭০৯

তারিখ : ০৫/১০/২০১৬ খ্রি:


অফিস আদেশ

জেলা পর্যায়ে হাসপাতালের মান সম্মত চিকিৎসা কার্যক্রম পরিচালনা ও উন্নয়নের লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সংশ্লিষ্টতা বৃদ্ধি এবং হাসপাতাল পরিচালনায় আর্থিক ও অন্যান্য বাধাসমূহ দূরীকরণে সহায়তার জন্য নিম্নোক্ত “চিকিৎসা ব্যবস্থাপনা কমিউনিটি সাপোর্ট (Community Support) কমিটি” গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক)	পৌর সভার মেয়র-	চেয়ারপারসন
খ)	সদর আসনের মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি	সদস্য
গ)	জেলা প্রশাসক এর প্রতিনিধি	সদস্য
ঘ)	পুলিশ সুপার এর প্রতিনিধি	সদস্য
ঙ)	সিভিল সার্জন এর প্রতিনিধি	সদস্য
চ)	বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন এর প্রতিনিধি	সদস্য
ছ)	আবাসিক মেডিকেল অফিসার	সদস্য
জ)	বার কাউন্সিল এর প্রতিনিধি	সদস্য
ঝ)	প্রেস ক্লাব এর প্রতিনিধি	সদস্য
এ৪)	জেলা সমাজ কল্যাণ অফিসার	সদস্য
ট)	এনজিও এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
ঠ)	সুশীল সমাজ এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
ড)	তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল	সদস্য সচিব
ঢ)	সিভিল সার্জন	সমন্বয়ক

কমিটির কার্যপরিধি

- ১। হাসপাতালের মান সম্মত সেবা কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ করে চিকিৎসার পরিবেশ রক্ষা, পরিষ্কার পরিচ্ছন্নতা, শৃংখলা ও নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম পরিচালনা ও পরিচালনায় হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ২। সরকারী বরাদ্দ ও সম্পদের সর্বোত্তম ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণে হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ৩। চিকিৎসা সেবার চাহিদা পূরণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারী বরাদ্দের পাশাপাশি স্থানীয় দাতা ও হিতৈষী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট করা এবং তাদের সহায়তায় একটি কমিউনিটি সাপোর্ট তহবিল গঠন এবং এ বিষয়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তহবিল পরিচালনা।
- ৪। চিকিৎসা সেবার চাহিদার পূরণে সমস্যা চিহ্নিত করা এবং স্থানীয়ভাবে তা সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ।
- ৫। হাসপাতালে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের সেবা প্রদান কাজে উৎসাহ প্রদান এবং দায়িত্বপালনে গঠনমূলক পরামর্শ প্রদান।


(মো: আসাদুল ইসলাম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯৫৮৬৮২২

বিতরণ : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। মেয়র, (চাঁদপুর, নড়াইল, কক্সবাজার, খাগড়াছড়ি, চুয়াডাঙ্গা, নাটোর, জয়পুরহাট, লক্ষীপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, ঝিনাইদহ)।
- ২। সিভিল সার্জন, (চাঁদপুর, নড়াইল, কক্সবাজার, খাগড়াছড়ি, চুয়াডাঙ্গা, নাটোর, জয়পুরহাট, লক্ষীপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, ঝিনাইদহ)।
- ৩। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, (চাঁদপুর, নড়াইল, কক্সবাজার, খাগড়াছড়ি, চুয়াডাঙ্গা, নাটোর, জয়পুরহাট, লক্ষীপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, ঝিনাইদহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, (চাঁদপুর, নড়াইল, কক্সবাজার, খাগড়াছড়ি, চুয়াডাঙ্গা, নাটোর, জয়পুরহাট, লক্ষীপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, ঝিনাইদহ)।
- ৫। পুলিশ সুপার, (চাঁদপুর, নড়াইল, কক্সবাজার, খাগড়াছড়ি, চুয়াডাঙ্গা, নাটোর, জয়পুরহাট, লক্ষীপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, ঝিনাইদহ)।
- ৬। -----
- ৭। অফিস কপি।